

B.A. 3<sup>rd</sup> Semester (Honours) Examination, 2022

বাংলা

Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

Course Code: AHBNG-302-C-6

Course ID: 30112

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) শ্রীরামপুর মিশন থেকে কোন কোন সাময়িক পত্রিকা প্রকাশিত হত? ঐ পত্রিকা দু'টির সম্পাদক কে ছিলেন?

খ) রামমোহন উপনিষদের উপর কোন দু'টি গ্রন্থ রচনা করেছিলেন?

গ) ঈশ্বর গুপ্ত সম্পাদিত পত্রিকাটির নাম লেখো। এটি প্রথম কত খৃস্টাব্দে প্রকাশিত হয়?

ঘ) 'বেতাল পঞ্চবিংশতি' ও 'শকুন্তলা' কোন কোন গ্রন্থের অনুবাদ? এগুলি কে অনুবাদ করেন?

ঙ) 'শর্মিষ্ঠা' কার লেখা নাটক ও এটি প্রথম কত খৃস্টাব্দে প্রকাশিত হয়?

চ) রবীন্দ্রনাথ ঠাকুরের দু'টি মনস্তাত্ত্বিক উপন্যাসের নাম লেখো।

ছ) শরৎচন্দ্রের 'শ্রীকান্ত' উপন্যাসটি প্রথম কোন পত্রিকায় ধরাবাহিক ভাবে প্রকাশিত হয়? তখন উপন্যাসটির নাম কী ছিল?

জ) 'বিদ্রোহী কবি' কাকে বলা হয়? তাঁর রচিত দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের দু'জন গদ্য লেখকের অবদান সংক্ষেপে আলোচনা করো।

খ) টীকা লেখোঃ 'আলালের ঘরের দুলাল'।

গ) বাংলা কাব্যের ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীর 'সারদামঙ্গল' কাব্যের গুরুত্ব আলোচনা করো।

ঘ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে উৎপল দত্তের অবদান সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

ক) যুগসন্ধির কবি হিসাবে ঈশ্বর গুপ্তের অবদান মূল্যায়ন করো।

খ) নাট্যসাহিত্যের ইতিহাসে গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।

গ) বাংলা ছোটগল্পের প্রথম সার্থক প্রণয়ী রবীন্দ্রনাথ – আলোচনা করো।

ঘ) বাংলা উপন্যাস সাহিত্যে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।